যুগান্তর

DEC 13 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা .. ৪ .. কলাম ... ৩ ......

# এফএসএসএপি শিক্ষকদের এমপিওভুক্ত করা হোক

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ফিমেল সেকেন্ডারি স্কুল অ্যাসিসট্যান্স প্রজেক্ট (এফএসএসএপি)-এর মাধ্যমে ১৯৯৬ সালে ১১৮টি উপজেলার বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ৭০০ জন শিক্ষক/শিক্ষিকা (বিষয়ভিত্তিক) নিয়োগ করা হয়। আমি এই প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত একজন শিক্ষক। অদ্যাবধি নিষ্ঠার সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে শিক্ষকতা করে আসছি। প্রকল্পের মেয়াদ ২০০১/জুন মাসে সমাপ্ত হয়। উল্লেখ্য, নিয়োগের শর্ত অনুযায়ী মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের স্মারক নং-ওওডি/৯১/৯৫-প/ ১০৫২(৩) তাং ১৬/০৬/৯৬ মোতাবেক উল্লিখিত প্রার্থীদের নিয়োগ অনুমোদিত হয়েছে এবং প্রার্থীগণ প্রকল্প মেয়াদোত্তীর্ণের পর সরকারি অনুদানের জন্য এমপিওভুক্ত হবেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, এখন পর্যন্ত আমাদেরকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এমপিওভুক্ত করা হচ্ছে না। এমতাবস্থায় জুলাই/২০০১ মাস থেকে শত শত শিক্ষক/শিক্ষিকার বেতন-ভাতা বন্ধ রয়েছে এবং পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছে। তাই অনুগ্রহপূর্বক আমাদেরকে অতিসত্বর এমপিওভুক্ত করে যাবতীয় বেতনভাতা পরিশোধের ব্যবস্থা করা হোক।

**মোঃ নাজিমউদ্দিন**
সহশিক্ষক, শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয়
নিকলী, কিশোরগঞ্জ